বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

সাধারণ শাখা

২০২১ সালের কেন্দ্রের ৪র্থ প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মনজুর হোসেন<br>রেক্টর (সচিব) |
| সভার তারিখ | ২৮ জুন ২০২১ |
| সভার সময় | সকাল: ১০:৩০ মিনিট |
| স্থান | রেক্টরস্ কনফারেন্স রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য বিষয় আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্র:নং: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | গত ২৩ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত ৩য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীই-নথির মাধ্যমে সকল কর্মকর্তার মাঝে জারি করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়। | ২০২১ সালে অনুষ্ঠিত ৩য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন/ সংশোধন না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ২ | প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদকরণ | ক) কেন্দ্রের প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম পর্যালোচনার নিমিত্ত ৬ জুলাই ২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সভার তারিখ নির্ধারিত ছিল। কিন্তু বর্তমান পরিস্থিতি বিবেচনায় সভাটি স্থগিত করা হয়েছে মর্মে অবহিত করা হয়। সংশোধিত প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | ক) কেন্দ্রের সংশোধিত প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি, এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| | | খ) কেন্দ্রের জন্য নতুন পদ সৃষ্টির প্রস্তাব আহবান করে গত ৩১.০৫.২১ তারিখে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছিল। কেন্দ্রের লাইব্রেরী, পিপিআর, গবেষণা ও উন্নয়ন, কম্পিউটার, খেলাধুলা অনুবিভাগ এবং ৪টি আঞ্চলিক কেন্দ্র হতে নতুন পদ সৃষ্টির প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই/পর্যালোচনাপূর্বক আগামী ৫০ বছর বা তার চেয়ে বেশীকাল বিবেচনায় নিয়ে কাজ করতে হবে। বতর্মান জনবল কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে এ সংক্রান্ত কমিটির সভা করে এবং প্রয়োজনে অনুষদ সভা করে নতুন পদ সৃষ্টির প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই/পর্যালোচনার জন্য এ সংক্রান্ত কমিটির সভা করতে হবে। বতর্মান জনবল কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে নতুন পদ সৃষ্টির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি, এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন) |
| ৩ | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি | ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভার কর্মপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত কমিটির আহবায়ক-এর সাথে যোগাযোগ করে সভা আহবান করতে হবে মর্মে আলোচনা হয়। | ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কমিটির আহবায়কের সাথে যোগাযোগ করে ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে।<br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ) |
| ৪ | ই-নথি কার্যক্রম | ক) ই-নথি কার্যক্রম বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। অনেক কর্মকর্তার কাছে ডাক ও ই-নথি দীর্ঘদিন অনিষ্পন্ন থাকায় সভায় অসন্তোষ ব্যক্ত করা হয়। পরবর্তী সভার পূর্বে বিনা ব্যর্থতায় সকল অনিষ্পন্ন ডাক এবং নথি নিষ্পন্ন করতে নির্দেশনা দেয়া হয়। | পরবর্তী সভার পূর্বে বিনা ব্যর্থতায় সকল অনিষ্পন্ন ডাক এবং নথি নিষ্পন্ন করতে নির্দেশনা দেয়া হয়।<br>**বাস্তবায়নে:** সিস্টেম এনালিষ্ট(অ. দা.), সহকারী প্রোগ্রামার-৪ এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |

| | | | |
|---|---|---|---|
| | | খ) ই-নথি কার্যক্রম সম্পর্কে আঞ্চলিক কেন্দ্রের সকল উপপরিচালকগণের নিকট হতে অগ্রগতি জানতে চাওয়া হয়। সকল আঞ্চলিক কেন্দ্রের উপপরিচালকগণ সভায় অবহিত করেন যে, ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা যায় এমন সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করা হচ্ছে। | খ) ই-নথির মাধ্যমে নিষ্পত্তিযোগ্য আঞ্চলিক কেন্দ্রের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে সম্পাদান করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সিস্টেম এনালিষ্ট(অ. দা.), সহকারী প্রোগ্রামার-৪ এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |
| ৫ | কেন্দ্রের ক্রয়কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা | ২০২০-২০২১ অর্থবছরে কেন্দ্রের APA তে দরপত্রের মাধ্যমে ক্রয়ের ৭৫% ক্রয় কার্যক্রম e-GP তে সম্পন্ন করার কথা ছিল যা ইতোমধ্যে অর্জিত হয়েছে মর্মে সভায় জানানো হয়। ২০২১-২০২২ অর্থবছরে e-GP-তে নির্ধারত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে জন্য ১ম থেকেই তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়। | ২০২১-২০২২ অর্থবছরে e-GP-তে নির্ধারত লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা/শাখার কর্মকর্তাদের আরো তৎপর হতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (ডিএন্ডই)<br>পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ) |
| | | খ) আঞ্চলিক কেন্দ্রের ক্রয় কার্যক্রমে e-GP পদ্ধতি অনুসরণ করার বিষয়ে আলোচনা হয়। | খ) আঞ্চলিক কেন্দ্রের ক্রয় কার্যক্রমে e-GP পদ্ধতি অনুসরণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আঞ্চলিক কেন্দ্র, সকল) |
| ৬ | ওয়েবসাইট আপডেট/আধুনিকায়ন | বিপিএটিসি’র ওয়েবসাইট-এর সৌন্দর্য বৃদ্ধি ও আধুনিকায়নের প্রাক্কলন প্রস্তুতের জন্য প্রোগ্রামার বরাবর নথি প্রেরণ করা হলেও প্রাক্কলন না পাওয়ায় কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে সভায় জানানো হয়। প্রাক্কলন ও স্পেসিফিকেশন চূড়ান্ত করে অতি দ্রুত টেন্ডার আহবান করার বিষয়ে আলোচনা হয়। | কেন্দ্রের ওয়েবসাইট আধুনিকায়ন /হালনাগাদ করার জন্য প্রাক্কলন ও স্পেসিফিকেশন চূড়ান্ত করে অতি দ্রুত টেন্ডার আহবান করতে হবে। এছাড়া ওয়েবসাইট হালনাগাদের তারিখ প্রদর্শন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি এবং সিস্টেম এনালিষ্ট (অ. দা.) |

| | | | |
|---|---|---|---|
| ৭ | বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন | কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২২ জুন ২০২১ তারিখে স্বাক্ষরিত হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের APA তে NIS, GRS, ই-গভার্নেন্স ও ইনোভেশন, Citizen Charter এবং তথ্য অধিকার আইন অন্তর্ভুক্ত করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কোন সংশোধন/পরিমার্জন থাকলে তা পর্যালোচনা করে পরিমার্জন ও সংশোধনপূর্বক সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কোন সংশোধন/পরিমার্জন থাকলে তা পর্যালোচনা করে পরিমার্জন ও সংশোধনপূর্বক সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এপিএ ফোকাল পয়েন্ট অফিসার এবং সংশ্লিষ্ট অনুবিভাগ |
| ৮ | Citizen Charter হালনাগাদকরণ | প্রয়োজনীয়তার নিরিখে কেন্দ্রের Citizen Charter মাঝে মাঝে হালনাগাদ করা হচ্ছে। আঞ্চলিক কেন্দ্রসমূহের জন্য Citizen Charter প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। Citizen Charter বিষয়ে একটি অনলাইন ওয়ার্কশপ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আঞ্চলিক কেন্দ্রসমূহের জন্য Citizen Charter প্রণয়ন করতে হবে। Citizen Charter বিষয়ে একটি অনলাইন ওয়ার্কশপ করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট, পরিচালক (এসটিঅ্যান্ডআরসি), উপপরিচালক (আঞ্চলিক কেন্দ্র) |
| ৯ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান করা না হলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার নিকট অভিযোগ দায়ের করা হচ্ছে এবং তা বিধি মোতাবেক নিষ্পন্ন করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নেঃ** জিআরএস ফোকাল পয়েন্ট |
| ১০ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন | ক) কেন্দ্রের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের সাথে ফিডব্যাক সভা হয়েছে। | ক) কেন্দ্রের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | | খ) আরপিএটিসিসমূহের সংগেও ফিডব্যাক সভা হয়েছে। ফিডব্যাক মোতাবেক শুদ্ধাচার কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের জন্য ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ফিডব্যাক অনুযায়ী প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি, পরিচালক (প্রশাসন/এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আঞ্চলিক কেন্দ্র, সকল) |
| ১১ | ই-গভার্নেন্স ও ইনোভেশন | ক) চলতি ২০২০-২০২১ অর্থবছরে ইনোভেশন কর্মপরিকল্পনা প্রায় শতভাগ বাস্তবায়িত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের এপিএতে অন্তর্ভুক্ত ই-গভার্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের নিমিত্ত ইনোভেশন টিম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/কর্মকর্তা-কর্মচারীর সাথে সমন্বয় করে কাজ করবে মর্মে সভায় আলোচনা হয় । | ক) ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি |
| | | খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের জন্যও ইনোভেশন কর্মপরিকল্পনা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০২১-২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি, পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আরপিএটিসি, সকল) |
| ১২ | বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম | ক) আরপিএটিসি ঢাকার ১২ তলা বিশিষ্ট নতুন ভবনের ম্যাপ/নকশা প্রণয়ন করে এক মাস পূর্বে প্রধান স্থপতি এবং প্রধান প্রকৌশলী বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে ভবনের নকশা অনুমোদনের জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ক) আরপিএটিসি ঢাকার নতুন ভবনের নকশা অনুমোদনের জন্য প্রধান স্থপতি এবং প্রধান প্রকৌশলীর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (ঢাকা) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | | খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র সংলগ্ন পরিত্যক্ত সম্পত্তি বন্দোবস্ত প্রাপ্তির জন্য বিভাগীয় কমিশনার কর্তৃক উক্ত জায়গা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইস্যুকৃত পত্র এমডিএস (এমঅ্যান্ডডি) কর্তৃক গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পৌছে দেয়া হয়েছে মর্মে অবহিত করা হয়। ৮ম, ৯ম ও ১০ম তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের জন্য গণপূর্ত বিভাগের অনুকূলে চেক হস্তান্তর করা হয়েছে মর্মে উপপরিচালক, চট্রগ্রাম আরপিএটিসি সভাকে জানান। | খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র সংলগ্ন সরকারি সম্পত্তি বন্দোবস্ত প্রাপ্তির জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। উর্ধ্বমুখি সম্প্রসারণ কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (চট্টগ্রাম) |
| | | গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের Master Plan প্রণয়ন কাজ চলছে মর্মে সভায় আলোচনা হয়। **বিভাগীয় কমিশনার থেকে অতিরিক্ত ৪২ শতক জমি প্রাপ্তির বিষয়** রেক্টর মহোদয় বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় উপস্থাপন করেছেন। লকডাউন শেষে সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের Master Plan প্রণয়ন ও অন্যান্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (খুলনা) |
| | | ঘ) আঞ্চলিক কেন্দ্র রাজশাহীর রিনোভেশন কার্যক্রমের পুনঃপ্রাক্কলন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ঘ) আঞ্চলিক কেন্দ্র রাজশাহীর উন্নয়ন কার্যক্রম-এর পুনঃপ্রাক্কলন প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (রাজশাহী) |

| | | | |
|---|---|---|---|
| ১২ | নতুন আরপিএটিসি স্থাপন | রংপুর আরপিএটিসি'র জন্য ৩ একর জমির পরিবর্তে ৫ একর জমি বন্দোবস্তের বিষয়টিভূমি মন্ত্রণালয়ে নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। এছাড়া, বাউন্ডারী ওয়াল নির্মাণ বাবদ অর্থ প্রাপ্তির জন্য বাংলাদেশ বেতার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে রংপুর আরপিএটিসি'র ৫ একর জমি প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। | ক) রংপুর আরপিএটিসি'র জন্য ৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক(এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) |
| | | খ) সিলেট আরপিএটিসি'র ভূমি অধিগ্রহণের নিমিত্ত ক্ষতিপূরণের টাকা প্রদানের জন্যজেলা প্রশাসন সিলেট কর্তৃক নোটিশ জারি করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। দ্রুত ক্ষতিপূরণের টাকা প্রদানের জন্য জেলা প্রশাসন সিলেট-এর সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | খ) দ্রুত ক্ষতিপূরণের অর্থ পরিশোধের জন্য জেলা প্রশাসন সিলেট-এর সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক(এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) |
| | | গ) ময়মনসিংহ নতুন আরপিএটিসি'র ভূমি অধিগ্রহণের জন্যজনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদানের জন্য জেলা প্রশাসনকে নির্দেশনা দেয়া হয়েছে। জেলা প্রশাসন ময়মনসিংহ এর সাথে যোগাযোগ করে দ্রুত প্রতিবেদন প্রেরণের পরামর্শ প্রদান করা হয়। | গ) ময়মনসিংহ আরপিএটিসি স্থাপনের নিমিত্তভূমিঅধিগ্রহণ কার্যক্রম তরান্বিত করতে জেলা প্রশাসন ময়মনসিংহ এর সাথে যোগাযোগ করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক(এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ঘ) বরিশাল আরপিএটিসি'র মাস্টার প্ল্যান প্রস্তুতের জন্য নথি উপস্থাপনকরা হয়েছে। দুত মাস্টার প্ল্যান প্রস্তুত কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া স্থানীয় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপসহকারী প্রকৌশলীর মাধ্যেম মাটি ভরাটের প্রাক্কলন করানো হচ্ছে বলে এমডিএস (এমএন্ডডি) সভাকে অবহিত করেন। | ঘ) বরিশাল আরপিএটিসি'র মাটি ভরাট কাজের প্রাক্কলন সংগ্রহ ওমাস্টার প্ল্যান প্রস্তুত কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক(এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) |
| | | | ঙ) কক্সবাজারে বিপিএটিসি'র বিশেষায়িত আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ১৫ একর ভূমি অধিগ্রহণের জন্য স্কেচ ম্যাপ, জমির মূল্য চেয়ে জেলা প্রশাসন কক্সবাজারে ২ বার পত্র দেয়া হয়েছে। পুনরায় তাগিদ পত্র প্রেরণ এবং যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয় | ঙ) কক্সবাজারে বিপিএটিসি'র বিশেষায়িত আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ১৫ একর ভূমি অধিগ্রহণের জন্য পুনরায় তাগিদ পত্র প্রেরণ করতে হবে এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প/এমঅ্যান্ডডি) এবং পরিচালক(এসটিঅ্যান্ডআরসি/প্রকল্প) |
| ১৩ | বিপিএটিসিতে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা | | ক) বিপিএটিসি'র চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের আওতায় কেন্দ্রের লেক-এর সৌন্দর্যবর্ধন বিষয়ে গৃহীত কার্যক্রম তরান্বিত করার নির্দেশনা দেয়া হয়। | ক) Gantt Chart অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প) ও সকল প্রকল্প পরিচালক |
| | | | খ) ১৫ তলা ডরমিটরি ভবনের কাজ মানসম্পন্নভাবে Gantt Chart অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, ১৫ দিন অন্তর অন্তর প্রকল্পের অগ্রগতি অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়। | খ) ১৫ তলা ভবনের নির্মাণ কাজ ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে। উক্ত ভবনের সার্বিক কার্যক্রম ১৫দিন অন্তর অন্তর রেক্টরকে অবহিত করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প) ও সকল প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | ২০তলা বঙ্গবন্ধু শেখমুজিব একাডেমিক এন্ড প্রশাসনিক ভবন এর জন্য স্থান খালিকরণ | ২০তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক অ্যান্ড প্রশাসনিক ভবন নির্মাণের লক্ষ্যে সংশোধিত ডিপিপি'র জিও পাওয়া গিয়েছে। সেনাবাহিনীর সাথে যোগাযোগ করা হয়েছে। পরিকল্পনা কমিশন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের জিও পাওয়া গেলে ভবনের নির্মাণ কাজ শুরু করা হবে মর্মে সভায় জানানো হয়। ২০তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক অ্যান্ড প্রশাসনিক ভবন নির্মাণের নিমিত্ত উক্ত জায়গার গাছ অপসারণ এবং লাল পতাকা দিয়ে জায়গার সীমানা নির্ধারণ করার বিষয়ে আলোচনা হয়। | ২০তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক অ্যান্ড প্রশাসনিক ভবন এর সীমানা লাল পতাকা দিয়ে চিহ্নিত করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প)/<br>প্রকল্প পরিচালক, বিপিএটিসি প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (মেগা প্রকল্প) |
| ১৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ/২০২০-২০২১) উদ্‌যাপন | ক) বিজয়ের ৫০ বছর বা স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের অংশ হিসেবে কেন্দ্রের প্রত্যেকটি চিঠি/ পত্রে সুবর্ণ জয়ন্তীর লোগো ব্যবহারের বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) কর্মপরিধি মোতাবেক 'বঙ্গবন্ধু চেয়ার' জনাব সেলিনা হোসেন-এর সাথে কেন্দ্র তথা মুজিববর্ষ সচিবালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কার্যক্রম পরিচালনা করছেন মর্মে সভায় অবহিত করা হয়। | ক)স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর লোগো কেন্দ্রের প্রত্যেকটি চিঠি/ পত্রে ব্যবহার করতে হবে।<br><br>খ) 'বঙ্গবন্ধু চেয়ার' জনাব সেলিনা হোসেন-এর সাথে যোগাযোগ করে কর্মপরিধি মোতাবেক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নে:** এমডিএস (আরঅ্যান্ডসি) পরিচালক (মুজিববর্ষ সেক্রেটারিয়েট) ও উপপরিচালক (প্রকাশনা) এবং অন্যান্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জাতীয় দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন | ক) ২৩ জুন ২০২১ তারিখ ‘সিভিল সার্ভিস ডে’ সুষ্ঠুভাবে উদযাপন করা হয়েছে। বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকারি নির্দেশনা মোতাবেক অন্যান্য জাতীয় দিবসগুলো যথাযথ মর্যাদায় উদযাপনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, বিপিএটিসি এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের দাপ্তরিক সকল পত্র/অফিস আদেশ/নোটিশ-এ সুবর্ণজয়ন্তীর লোগো (বামপার্শ্বে) এবং মুজিববর্ষের লোগো (ডানপার্শ্বে) ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়। | ক) সরকারি নির্দেশনা মোতাবেক জাতীয় দিবসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদায় পালন করতে হবে। বিপিএটিসি এবং আরপিএটিসিসমূহের দাপ্তরিক সকল পত্র/অফিস আদেশ/নোটিশ-এ সুবর্ণজয়ন্তীর লোগো (বামপার্শ্বে) এবং মুজিববর্ষের লোগো (ডানপার্শ্বে) ব্যবহার করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি এবং কর্মকর্তা (সকল) |
| | | খ) বিপিএটিসি’র ওয়েবসাইটে ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী’ কর্নার স্থাপনের নিমিত্ত জনাব মোঃ শরীফ হাছান, পরিচালক-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করে অফিস আদেশ জারি করা হয়েছে। তিনি কাজ শুরু করেছেন মর্মে সভায় আলোচনা হয়। | খ) বিপিএটিসি’র ওয়েবসাইটে ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী’ কর্নার স্থাপনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নে:** জনবা মোঃ শরীফ হাছান, পরিচালক |
| ১৬ | ডেঙ্গু প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | ক) ডেঙ্গু প্রতিরোধের জন্য কেন্দ্রের অফিস ও আবাসিক এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভায় জানানো হয়। কেন্দ্রের পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। কেন্দ্রের অফিস এলাকায় করিডোরের সাইটে ২৫/৩০ ফুট অন্তর অন্তর ডাস্টবিন (২ ধরনের) স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | ক) ডেঙ্গু প্রতিরোধে এবং বর্তমান পরিস্থিতি বিবেচনায় কেন্দ্রের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে আরো যত্নবান হতে হবে। অফিস এলাকায় করিডোরের সাইটে প্রয়োজনীয় সংখ্যক ডাস্টবিন (পলিথিনযুক্ত) স্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (সেবা) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | | **খ)** করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত কমিটি সক্রিয়ভাবে দায়িত্ব পালন করছে। কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দাপ্তরিক দায়িত্ব পালন করার পরামর্শ দেয়া হয়। প্রশিক্ষণার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীদের করোনা ভ্যাকসিন প্রদানের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ভ্যাকসিন সংগ্রহ করার বিষয়ে জোর তাগিদ দেয়া হয়। | **খ) কেন্দ্রে করোনা ভাইরাস প্রতিরোধে কমিটি সক্রিয়ভাবে দায়িত্ব পালন করবে।**প্রশিক্ষণার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীদের করোনা ভ্যাকসিন প্রদানের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ভ্যাকসিন সংগ্রহ করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** এমডিএস (পিঅ্যান্ডএস) পরিচালক (প্রশাসন) উপপরিচালক (সেবা) মেডিকেল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি |
| ১৭ | কেন্দ্রের কবরস্থান সম্প্রসারণ | কেন্দ্রের কবরস্থান সংস্কার/জায়গা ক্রয় সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ সংক্রান্ত নথি রেক্টর মহোদয়ের নিকট উপস্থাপন করা হবে। আধুনিক ও সকল সুবিধা সংবলিত করবস্থান করার জন্য নকশা প্রণয়ন করতে হবে। কেন্দ্রের কবরস্থান সংস্কার/জমি ক্রয়ের জন্য আনুমানিক ২ কোটি টাকার প্রয়োজন হবে। তন্মধ্যে কেন্দ্রের সার্ভিস চার্জ হতে ৮৬ লক্ষ টাকার সংস্থান করা যাবে। আগামী অর্থবছরে কেন্দ্রের সমাজ কল্যাণ ফান্ড হতে কিছু টাকার সংস্থান করা যাবে মর্মে সভায় অবহিত করা হয়। | আধুনিক ও সকল সুবিধা সংবলিত করবস্থান করার জন্য নকশা প্রণয়ন করতে হবে। কবরস্থান সম্প্রসারণ করার জন্য আগামী অর্থবছরে অর্থের সংস্থান রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি |
| ১৮ | **বিবিধ আলোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| ক ) | কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বাচ্চাসহ মায়েদের “শেফিনা শিশু যত্ন কেন্দ্র” তে অবস্থানের জন্য মাসিক ভাড়া মওকুফকরণ | কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বাচ্চাসহ মায়েদের “শেফিনা শিশু যত্ন কেন্দ্র” তে অবস্থানের জন্য মাসিক ভাড়া মওকুফ-এর বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। কোন নীতিমালার আলোকে “শেফিনা শিশু যত্ন কেন্দ্র” তে অবস্থানের জন্য প্রশিক্ষণার্থীদের নিকট হতে ভাড়া নেয়া হয় কোন সিদ্ধান্তের প্রেক্ষিতে তা জানা প্রয়োজন মর্মে আলোচনা হয়। এখন থেকে ভাড়া নেয়া না হলে তারও যুক্তি প্রয়োজন। পুরা বিষয়টি খতিয়ে দেখার জন্য এমডিএস প্রকল্পকে প্রধান করে একটি কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়। | “শেফিনা শিশু যত্ন কেন্দ্র” তে বাচ্চাসহ প্রশিক্ষণার্থীদের অবস্থানের জন্য কোন নীতিমালার আলোকে ভাড়া নেয়া হচ্ছে বা নেয়া হবেনা সে বিষয়টি খতিয়ে দেখার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে:<br>১) সৈয়দ মিজানুর রহমান, এনডিসি,এমডিএস (প্রকল্প)-আহবায়ক<br>২) জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, পরিচালক<br>৩) জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিচালক-সদস্য<br>৪) জনাব হাসান মূর্তাজা, পরিচালক সদস্য<br>৫) ডক্টর রোকেয়া ফাহমিদা, পরিচালক, সদসয়<br>৬) জনাব মোঃ মোতাহের হোসাইন, উপপরিচালক-সদস্য<br>৭) জনাব নাসরিন আকতার , উপপরিচালক, সদস্য<br>৮) জনাব মোহাম্মদ সোহরাব হোসেন, সদস্য-সচিব |
| (খ) | বিপিএটিসিকে KPI প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্তকরণ | বিপিএটিসিকে KPI প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়টি সভায় আলোচনা হয়। এ বিষয়ে বিপিএটিসি’র নামের একটি ডিজিটাল নথি খোলার জন্য প্রধানফটক, গুরুত্বপূর্ণ স্থাপনাসহ এবং চৌহদ্দির ছবি বাংলাদেশ পুলিশ, স্পোশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা, কেপিআই শাখায় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | বিপিএটিসিকে KPI প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ও বাংলাদেশ পুলিশ, স্পোশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা, কেপিআই শাখায় পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে:** উপপরিচালক (সেবা) |
| (গ) | বিপিএটিসি’র কর্মকর্তা এবং কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য সরকারি কর্মচারী হাসপাতালে পত্র প্রেরণ | বিপিএটিসি’র কর্মকর্তা এবং কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য সরকারি কর্মচারী হাসপাতালে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | বিপিএটিসি’র কর্মকর্তা এবং কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** উপপরিচালক (প্রশাসন) |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মনজুর হোসেন

রেক্টর (সচিব)

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১২৬.০৬.০১৫.১৫.১২৯

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৮
০২ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।

২) উপ-পরিচালক, আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৩) রেক্টর-এর একান্ত সচিব (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক